২০২০

বাংলা - সাধারণ

প্রথম সেমেস্টার

পত্র : GE/CC-1

[বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)]

পূর্ণমান - ৬৫

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) বাংলা গদ্যের বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান নির্ণয় করো। ১০

অথবা,

(খ) প্রাবন্ধিক প্রমথ চৌধুরীর একটি সংক্ষিপ্ত মূল্যায়ন করো। ১০

২। (ক) কবি বিহারীলাল চক্রবর্তীর কবিবৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো। ১০

অথবা,

(খ) বাংলা নাটকের ইতিহাসে মাইকেল মধুসূদন দত্তের অবদান সম্পর্কে আলোচনা করো। ১০

৩। (ক) ঔপন্যাসিক হিসাবে মানিক বন্দ্যোপাধ্যায়ের মূল্যায়ন করো। ১০

অথবা,

(খ) ছোটগল্পকার হিসাবে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব নিরূপণ করো। ১০

৪। (ক) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট-উইলিয়ম কলেজের মৃত্যুঞ্জয় বিদ্যালংকারের অবদান সংক্ষেপে আলোচনা করো। ৫

অথবা,

(খ) বাংলা সাহিত্যের ইতিহাসে 'হুতোম প্যাঁচার নকশা'-র গুরুত্ব নির্দেশ করো। ৫

৫। (ক) কাজী নজরুল ইসলামের কবিকৃতি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

অথবা,

(খ) গণনাট্য আন্দোলনের ধারায় বিজন ভট্টাচার্যের অবদান কতখানি সংক্ষেপে আলোচনা করো। ৫

৬। (ক) বঙ্কিমচন্দ্রের ঐতিহাসিক উপন্যাস সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

অথবা;

(খ) বাংলা ছোটগল্পে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের জনপ্রিয়তার কারণ সংক্ষেপে আলোচনা করো। ৫

৭। টীকা লেখো *(যে-কোনো একটি)*। ৫×১

(ক) প্রাবন্ধিক রামমোহন রায়

(খ) 'নীলদর্পণ' নাটক

(গ) 'গণদেবতা' উপন্যাস।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) উইলিয়াম কেরির যে-কোনো একটি গ্রন্থের নাম লেখো।

(খ) 'আলালের ঘরের দুলাল'-এর রচয়িতা কে?

(গ) রবীন্দ্রনাথ ঠাকুরের যে-কোনো দুটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।

(ঘ) বুদ্ধদেব বসুর একটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।

(ঙ) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের একটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(চ) 'মরুশিখা' কাব্যগ্রন্থের রচয়িতা কে?

(ছ) 'রূপসী বাংলা' কাব্যগ্রন্থের প্রকাশকাল লেখো।

(জ) 'বলিদান' নাটক কার লেখা?

(ঝ) 'রাজা' নাটকের রচয়িতা কে?

(ঞ) দ্বিজেন্দ্রলাল রায়ের যে-কোনো একটি ঐতিহাসিক নাটকের নাম লেখো।

(ট) শরৎচন্দ্রের একটি আত্মজীবনীমূলক উপন্যাসের নাম লেখো।

(ঠ) 'পথের পাঁচালী' উপন্যাসের রচয়িতা কে?

(ড) 'কালিন্দী' উপন্যাসটি কার লেখা?

(ঢ) রবীন্দ্রনাথের যে-কোনো দুটি ছোটগল্পের নাম লেখো।

(ণ) মানিক বন্দ্যোপাধ্যায়ের একটি গল্পগ্রন্থের নাম লেখো।

২০১৮

বাংলা - সাধারণ

পেপার ঃ GE/CC-1

পূর্ণমান ঃ ৬৫

Only for General Candidates

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

১। (ক) ফোর্ট উইলিয়ম কলেজের লেখকগোষ্ঠীর অন্যতম প্রধান দু'জন লেখক হলেন উইলিয়ম কেরি এবং মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার। বাংলা গদ্যের উদ্ভব ও বিকাশে এই দু'জন লেখকের অবদান কতখানি— তা আলোচনা করো। ১০

অথবা,

(খ) প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্রের কৃতিত্বের পরিচয় দাও। ১০

২। (ক) বাংলা কবিতার ইতিহাসে মধুসূদন দত্তের কৃতিত্বের পরিমাপ করো। ১০

অথবা,

(খ) আধুনিক বাংলা নাটকের ধারায় বিজন ভট্টাচার্যের নাট্য-প্রতিভার পরিচয় দাও। ১০

৩। (ক) ঔপন্যাসিক শরৎচন্দ্রের কৃতিত্বের মূল্যায়ন করো। ১০

অথবা,

(খ) বাংলা ছোটগল্পের ধারায় মানিক বন্দ্যোপাধ্যায়ের অবদান আলোচনা করো। ১০

৪। (ক) 'বিদ্যাসাগর বাংলা ভাষার প্রথম যথার্থ শিল্পী...।' — বিদ্যাসাগর সম্পর্কে রবীন্দ্রনাথের এই বক্তব্যের তাৎপর্য কী? ৫

অথবা,

(খ) বাংলা সাহিত্যের ইতিহাসে 'আলালের ঘরের দুলাল' গ্রন্থটির গুরুত্ব কোথায়— তা আলোচনা করো। ৫

৫। (ক) কবি বিহারীলাল চক্রবর্তীকে রবীন্দ্রনাথ ঠাকুর 'ভোরের পাখী'-রূপে অভিহিত করেছিলেন— এর কারণ কী? ৫

অথবা,

(খ) নাট্যসাহিত্যের ইতিহাসে 'নীলদর্পণ' নাটকটির গুরুত্ব বিচার করো । ৫

৬। (ক) বাংলা উপন্যাসের ইতিহাসে রবীন্দ্রনাথের 'চোখের বালি' উপন্যাসটির গুরুত্ব কোনখানে— তা আলোচনা করে দেখাও। ৫

অথবা,

(খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়কে প্রকৃতিপ্রেমিক শিল্পী বলার কারণ কী? ৫

৭। টীকা লেখো (*যে-কোনো একটি*)। ৫

(ক) হুতোম প্যাঁচার নকশা

(খ) বনলতা সেন

(গ) শেষের কবিতা

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) কৃত্তিবাসের রামায়ণ প্রথম কোথা থেকে ছাপা হয়?

(খ) 'গৌড়ীয় ব্যাকরণ' গ্রন্থটি কার লেখা?

(গ) 'চারুপাঠ' বইটির লেখকের নাম কী?

(ঘ) 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থটির লেখক কে?

(ঙ) কাকে 'যুগসন্ধির কবি' বলা হয়?

(চ) 'পদ্মিনী উপাখ্যান' কাব্যটির রচয়িতা কে?

(ছ) নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থের নাম কী?

(জ) বাংলা ভাষায় লেখা প্রথম পূর্ণাঙ্গ নাটক কোনটি এবং কার লেখা?

(ঝ) গিরিশচন্দ্র ঘোষের লেখা দুটি সামাজিক নাটকের নাম লেখো।

(ঞ) কোন শ্রেণির নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের নাট্যপ্রতিভার সর্বোত্তম বিকাশ ঘটেছে?

(ট) 'সধবার একাদশী' কী ধরনের রচনা এবং কার লেখা?

(ঠ) স্বদেশপ্রেমের বীজমন্ত্র হয়ে ওঠা 'বন্দেমাতরম' সংগীতটি বঙ্কিমচন্দ্রের কোন উপন্যাসে আছে?

(ড) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের দুটি ছোটগল্পের নাম লেখো।

(ঢ) 'পদ্মানদীর মাঝি' কত সালে প্রকাশিত হয়?

(ণ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের দুটি উপন্যাসের নাম লেখো।

২০১৮

বাংলা – সাধারণ

পেপার ঃ GE/CC-1

পূর্ণমান ঃ ৬৫

Only for Honours Candidates

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

১। (ক) বাংলা গদ্যসাহিত্যের বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা,

(খ) বাংলা প্রবন্ধ সাহিত্যের ধারায় প্রমথ চৌধুরীর ভূমিকা নিরূপণ করো। ১০

২। (ক) যুগসন্ধির কবি রূপে ঈশ্বরচন্দ্র গুপ্তের মূল্যায়ন করো। ১০

অথবা,

(খ) বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে মধুসূদন দত্তের ভূমিকা বিচার করো। ১০

৩। (ক) সামাজিক উপন্যাস রচনায় বঙ্কিমচন্দ্রের কৃতিত্ব বিচার করো। ১০

অথবা,

(খ) বাংলা ছোটোগল্পের ইতিহাসে মানিক বন্দ্যোপাধ্যায়ের স্থান নির্ণয় করো। ১০

৪। (ক) বাংলা গদ্যের বিকাশে শ্রীরামপুর মিশনের ভূমিকা সংক্ষেপে আলোচনা করো। ৫

অথবা,

(খ) বাংলা গদ্যসাহিত্যে 'আলালের ঘরের দুলাল' গ্রন্থটির গুরুত্ব বিচার করো। ৫

৫। (ক) বাংলা কাব্যসাহিত্যের ইতিহাসে 'সারদামঙ্গল' কাব্যটির গুরুত্ব বিচার করো। ৫

অথবা,

(খ) বাংলা নাটকের ইতিহাসে নবান্ন নাটকটির ভূমিকা বিচার করো। ৫

৬। (ক) বাংলা উপন্যাসের উদ্ভবের পটভূমি সংক্ষেপে আলোচনা করো। ৫

অথবা,

(খ) বাংলা উপন্যাসের ইতিহাসে রবীন্দ্রনাথের 'চোখের বালি' উপন্যাসটির গুরুত্ব সংক্ষেপে লেখো। ৫

Please Turn Over

৭। টীকা লেখো (*যে-কোনো একটি*) ঃ ৫×১

(ক) ভারতবর্ষীয় উপাসক সম্প্রদায়

(খ) জনা

(গ) পথের পাঁচালী

৮। সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১৫×১

(ক) শ্রীরামপুর মিশনের প্রতিষ্ঠাকাল উল্লেখ করো।

(খ) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কারের লিখিত একটি গ্রন্থের নামোল্লেখ করো।

(গ) 'ভ্রান্তিবিলাস' কার লেখা ?

(ঘ) প্রমথ চৌধুরী সম্পাদিত পত্রিকাটির নাম লেখো।

(ঙ) 'আলালের ঘরের দুলাল' গ্রন্থটির রচয়িতা কে?

(চ) 'বন্ধু বিয়োগ' কাব্যটি কার লেখা?

(ছ) 'মেঘনাদবধ কাব্য' কোন সালে রচিত?

(জ) 'ঝরাপালক' কাব্যগ্রন্থটির প্রকাশকাল লেখো। ১৩২৭

(ঝ) 'সধবার একাদশী' নাটকটির রচয়িতা কে?

(ঞ) মধুসূদন দত্তের লেখা একটি প্রহসনের নামোল্লেখ করো।

(ট) 'পদাতিক' কাব্যগ্রন্থের কবি কে?

(ঠ) রবীন্দ্রনাথের একটি সাঙ্কেতিক নাটকের নাম উল্লেখ করো।

(ড) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত একটি ঐতিহাসিক উপন্যাসের নাম লেখো।

(ঢ) 'ইছামতী' উপন্যাসটি কার লেখা?

(ণ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের লেখা দুটি ছোটোগল্পের নাম উল্লেখ করো।